২০২৬

# বাংলা

(মেজর-VIII)

(এন. ই. পি. পদ্ধতি অনুযায়ী নতুন পাঠক্রম)

ষষ্ঠ সেমেস্টার

কোর্স কোড : BENG-CC-T-601

(প্রবন্ধের রূপভেদ ও বাংলা প্রবন্ধ)

[NEP-2020]

পূর্ণমান : ৬০ সময় : ২ ঘন্টা ৩০ মিনিট

*দক্ষিণ প্রান্তস্থ সংখ্যাগুলি প্রশ্নমান নির্দেশক।*

*প্রশ্নগুলির উত্তর যথাসম্ভব নিজের ভাষায় লেখা প্রয়োজন।*

১। যে-কোনো দশটি প্রশ্নের উত্তর দাও : ২×১০=২০

ক) "সংস্কৃত কাব্যের আর দুইটি তপস্বিনী আমাদেব চিত্তক্ষেত্রে তপোবন রচনা করিয়া বাস করিতেছে।"—দু'জন তপস্বিনীর নাম কী?

খ) বুদ্ধদেব বসু গদ্য ও পদ্যে রবীন্দ্রনাথের দুই আরামদায়ক সংস্করণ বলতে কাদের বুঝিয়েছেন?

গ) পত্র কখন সাহিত্য হয়ে ওঠে?

ঘ) "শেষের কবিতা'র এই ঠাট্টাকেই তখনকার পক্ষে সত্য বলে ধরা যায়।"—এই ঠাট্টাটি কী ছিল?

ঙ) রবীন্দ্রনাথের দুটি ডায়েরিধর্মী রচনার নাম লেখো।

চ) "সে দুগ্ধে আমারও যে অধিকার, বিড়ালেরও তাই।"—দুধ কার? কে দোহন করেছে?

[পরের পাতায়]

ছ) 'আমার জীবন' প্রবন্ধে ছেলেভুলানো ছড়াটির উল্লেখ করো।

জ) ভয় পেলে মা রাসসুন্দরীকে কাকে ডাকার কথা বলতেন এবং তিনি প্রতিষ্ঠিত ছিলেন কোথায়?

ঝ) রাসসুন্দরী দাসীর শ্বশুরবাড়ির গ্রামের নাম কী? সেটি ক'দিনের পথ?

ঞ) 'গ্রাম্যকথা' প্রবন্ধের প্রথম সংখ্যা ও দ্বিতীয় সংখ্যার নাম কী?

ট) "এখানেই শিশু পাঠকেরা দেখল গল্পের নায়কের প্রথম মৃত্যু।" —কার মৃত্যুর কথা বলা হয়েছে? মৃত্যুকালে তাঁর অন্তিম উক্তিটি কী ছিল?

ঠ) রম্যরচনার দুটি বৈশিষ্ট্য লেখো।

ড) 'উত্তরচরিত' প্রবন্ধে কোন দুটি চরিত্র নদী-রূপ ধারণ করেছিল?

ঢ) "এই অঙ্কের অনেক দোষ আছে। ইহা নাটকের পক্ষে নিতান্ত অনাবশ্যক।"—কোন অঙ্কের কথা বলা হয়েছে? অঙ্কটির নাম কী?

ণ) গীতিকাব্যের পারিপাট্যের জন্য কোন দুটি বিষয় আবশ্যক বলে বঙ্কিমচন্দ্র মনে করেছেন?

২। যে-কোনো **চারটি** প্রশ্নের উত্তর দাও : ৫×৪=২০

ক) 'মনুষ্যফল' প্রবন্ধে বঙ্কিমচন্দ্র যে জীবনদৃষ্টির পরিচয় দিয়েছেন, তা সংক্ষিপ্ত আকারে লেখো।

খ) 'কাব্যের উপেক্ষিতা' প্রবন্ধে রবীন্দ্রনাথ কেন পত্রলেখাকে এক উপেক্ষিতা নারী হিসাবে বিবেচনা করেছেন—তা আলোচনা করো।

গ) আত্মজীবনী ও জীবনী সাহিত্যের পার্থক্য লেখো।



ঘ) 'উত্তরচরিত' প্রবন্ধ অবলম্বনে কালিদাস ও ভবভূতির প্রতিভার তুলনামূলক আলোচনা করো।

ঙ) বঙ্কিমচন্দ্রের মৃত্যুভাবনা 'উপন্যাসে মৃত্যু' প্রবন্ধের আলোকে সংক্ষেপে ব্যক্ত করো।

চ) ডায়েরির সংজ্ঞা নির্দেশ করো এবং এর বৈশিষ্ট্যগুলি লেখো।

৩। যে-কোনো **দুটি** প্রশ্নের উত্তর দাও : ১০×২=২০

ক) 'বিড়াল' প্রবন্ধে আধুনিক সাম্যবাদের আদর্শ ও উদার মানবপ্রীতি যে অসাধারণ বাণীমূর্তি লাভ করেছে, তা বিশ্লেষণ করো।

খ) 'রবীন্দ্রনাথ ও উত্তরসাধক' প্রবন্ধে প্রাবন্ধিক উত্তরসাধকের সংকট ও মুক্তির যে রূপরেখা অঙ্কন করেছেন, তার পরিচয় দাও।

গ) 'আমার জীবন' শুধু রাসসুন্দরীর কথা নয়, সেকালের হিন্দুরমণীদের জীবন চিত্র—আলোচনা করো।

ঘ) ভ্রমণ সাহিত্যের বৈশিষ্ট্যগুলি উল্লেখ করো। এ প্রসঙ্গে বাংলা সাহিত্যে উল্লেখযোগ্য একটি ভ্রমণ সাহিত্যের বিচার করো।

---